



যুক্তরাষ্ট্রকে পারস্পরিক শুল্ক কমানোর প্রস্তাব দিল বাংলাদেশ



সংগৃহীত ছবি

ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের সঙ্গে বাণিজ্য আলোচনায় নতুন একটি প্রস্তাব তুলে ধরেছে বাংলাদেশ। মার্কিন পণ্যের ওপর আরোপিত ‘পারস্পরিক শুল্ক’ বর্তমানে যে ২০ শতাংশ ধরা হচ্ছে, তা কমিয়ে আনার অনুরোধ জানানো হয়েছে ঢাকা থেকে।

বৃহস্পতিবার (৮ জানুয়ারি) স্থানীয় সময় বিকেলে যুক্তরাষ্ট্রের বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রির সঙ্গে বৈঠকে বিষয়টি উত্থাপন করেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা ড. খলিলুর রহমান। আলোচনার পর গ্রির পক্ষ থেকে প্রস্তাবটি ইতিবাচকভাবে পর্যালোচনার আশ্বাস দেওয়া হয় বলে জানায় প্রধান উপদেষ্টার প্রেস উইং।

বৈঠকে দুই দেশের মধ্যে বাণিজ্য ঘাটতি কমানোর সাম্প্রতিক অগ্রগতিও তুলে ধরেন ড. খলিলুর রহমান। তিনি জানান, আনুষ্ঠানিক কোনো চুক্তি কার্যকর হওয়ার আগেই যুক্তরাষ্ট্র থেকে আমদানি বাড়িয়ে এই ব্যবধান উল্লেখযোগ্যভাবে কমানো সম্ভব হয়েছে।

এছাড়া মার্কিন কাঁচামাল ব্যবহার করে তৈরি বাংলাদেশি পোশাক পণ্যের ওপর শুল্ক ছাড়ের বিষয়েও সমর্থন জানান তিনি। একই সঙ্গে সাম্প্রতিক ভিসা বন্ড তালিকায় বাংলাদেশের নাম যুক্ত হওয়ায় ব্যবসায়িক যাতায়াত আরও সহজ করার অনুরোধও তোলা হয় আলোচনায়।

এর ধারাবাহিকতায় শনিবার যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের শীর্ষ কর্মকর্তাদের সঙ্গেও আলাদা বৈঠকে বসবেন জাতীয় নিরাপত্তা উপদেষ্টা।